

## FAQ for ITI Admission 2021

১। সরকারি ITI তে ভর্তির website কি?

উঃ- [www.wscvt.org](http://www.wscvt.org)

২। ২০২১ সালের ITI তে ভর্তির প্রক্রিয়া কি শুধুমাত্র online –এ হবে?

উঃ- হ্যাঁ।

৩। এ বছর মাধ্যমিক পরীক্ষা দিয়েছি। এখনও রেজাল্ট বের হয়নি। তাহলে কিভাবে ফর্ম filled up করব?

উঃ- যারা মাধ্যমিক পরীক্ষা দিয়েছে তাদের ক্ষেত্রে পরে আলাদা নোটিশ বেরোবে।

৪। “M” ও “E” গ্রুপ ট্রেড কি?

উঃ- যে ট্রেড গুলিতে কেবল মাধ্যমিক পাশ ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে সেই ট্রেড গুলি হল “M” গ্রুপ ট্রেড। যেমনঃ- ইলেক্ট্রিশিয়ান, ফিটার, মেকানিক মোটর ভেইকেল ইত্যাদি।

যে ট্রেড গুলিতে কেবল ক্লাস এইট (VIII) পাশ ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে সেই ট্রেড গুলি হল “E” গ্রুপ ট্রেড। যেমনঃ- ওয়েল্ডার (Welder), ওয়্যারম্যান (Wireman), কারপেন্টার(Carpenter) ইত্যাদি।

৫। ইঞ্জিনিয়ারিং ও নন-ইঞ্জিনিয়ারিং ট্রেড কি?

উঃ- শিল্পক্ষেত্রে ব্যবহৃত যন্ত্রপাতির উপর ভিত্তি করে ট্রেড গুলোকে ইঞ্জিনিয়ারিং ও নন-ইঞ্জিনিয়ারিং এই দুই ভাগে ভাগ করা থাকে।

৬। কোনগ্রুপে কোন কোন ট্রেড আছে?

উঃ- কোনগ্রুপে কোন কোন ট্রেড আছে তা জানার জন্য ITI তে ভর্তির website টি দেখতে হবে।

৭। ITI তে পড়ার সঙ্গে সঙ্গে অন্য কোনো কোর্সে পড়তে পারব কি?

উঃ- না

৮। ITI তে Hostel-এর সুবিধা আছে কি না?

উঃ- বেশিরভাগ ITI তে Hostel-এর সুবিধা নেই।

৯। বাইরের রাজ্য থেকে মাধ্যমিক পাশ করলে এই রাজ্যের সরকারি ITI গুলিতে ভর্তি হতে পারব কিনা?

উঃ- না, এই রাজ্যের সরকারি ITI গুলিতে ভর্তি হতে পারবে না।

১০। গত বছর ITI তে ভর্তি হয়েছিলাম কিন্তু কোর্সেটি সম্পূর্ণ করতে পারিনি, এবছর আবার ITI তে ভর্তির জন্য আবেদন করতে পারব কি?

উঃ- না, যে সকল আবেদনকারীরা আগে কখনো কোন গ্রুপের যেকোন ট্রেডকোর্সে ভর্তি হয়েছিল কিন্তু যেকোনো কারণ বসত কোর্সটি সম্পূর্ণ করতে পারেনি অথবা ওই সরকারি আই. টি. আই. অথবা পিপিপি সরকারি আই.টি. আই. থেকে বিতাড়িত হয়েছিল তারা তাদের ওইকোর্সটি সম্পূর্ণ হওয়ার বছর থেকে পরবর্তী তিনবছর ওই সরকারি আই. টি. আই. অথবা পিপিপি সরকারি আই.টি. আই. তে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেনা এবং কোর্সটি সম্পূর্ণ হওয়ার বছর থেকে পরের একবছর অন্য কোনো সরকারি আই. টি. আই. এবং পিপিপি সরকারি আই.টি. আই. গুলিতে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।

১১। গত বছর ITI পাশ করেছি, এই বছর কোন ITI তে ভর্তি হতে পারব কিনা?

উঃ- হ্যাঁ। কোর্সটি সম্পূর্ণ হওয়ার বছর থেকে একবছর বাদে অন্য কোনো সরকারি আই. টি. আই. এবং পিপিপি সরকারি আই.টি. আই. গুলিতে ভর্তি হতে পারবে কিন্তু তিনবছর যে সরকারি/পিপিপি সরকারি আই. টি. আই. থেকে পাশ করেছ সেই সরকারি/পিপিপি সরকারি আই. টি. আই.-তে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।

১২। আই. টি. আই.-তে ভর্তির জন্য বয়স কত?

উঃ-ভর্তির ন্যূনতম বয়স ১৪ বছর।ভর্তির জন্য বয়সের কোন উর্ধ্বসীমা নেই।

১৩। কত শতাংশ নম্বর পেলে আই. টি. আই.-তে ভর্তির সুযোগ পাওয়া যায় ?

উঃ- নম্বরের কোন বাধ্যবাধকতা নেই।

১৪। Online- এ ফর্ম ফিলাপ করার সময় ভোকেশনাল ট্রেডে “Yes” করেছি। আমার ভোকেশনাল Annual Exam দেওয়া হয়েছে কিন্তু Certificate নেই। আমি কি ভোকেশনাল কোর্সে ভর্তির সুযোগ পাব কি?

উঃ- না, ফর্ম ফিলাপ করার আগে ভোকেশনাল Certificate/result থাকতে হবে।

১৫। Online- এ ফর্ম ফিলাপ করার সময় ভুল হয়েছে, এখন কি করব?

উঃ- কিছু ক্ষেত্রে verifier Nodal ITI নিজেরাই অনলাইন এ ফর্ম কারেকশন করে নেবে। যেখানে ভুল ডকুমেন্টস আপলোড হয়েছে সেখানে ফর্ম টি ক্যান্ডিডেট কে সংশোধনের জন্য পাঠানো হবে।ক্যান্ডিডেট SMS এর মাধ্যমে সেটি জানতে পারবে।

১৬। “E” গ্রুপের জন্য এইট পাশ (Eight)Certificate কি বাধ্যতামূলক ? মাধ্যমিক Certificate দিলে হবে কি?

উঃ- “E” গ্রুপের জন্য কেবল এইট পাশ(Eight)Certificate এবং মার্কসিট লাগবে। মাধ্যমিক Certificate এবং মার্কসিট দিলে হবে না।

১৭। Online- এ ফর্ম ফিলাপ করেছি, আবার কি আই. টি. আই.-তে যেতে হবে?

উঃ- না ফর্ম পূরণের বৈধতা যাচাইয়ের জন্য সমস্ত Original Documents নিয়ে যেকোনো সরকারি/পিপিপি সরকারি আই. টি. আই.-তে যাবার কোনো প্রয়োজন নাই।

১৮। ফর্ম পূরণের সময় টাকা নগদ বা ড্রাফটে জমা দেওয়া যাবে কি?

উঃ- না, টাকা শুধুমাত্র Online- এ জমা দিতে হবে।

১৯। আই. টি. আই. পড়তে গেলে আধার কার্ড থাকা বাধ্যতামূলক ?

উঃ- না

২০। Merit List বেরোলে SMS পাব কি?

উঃ- হ্যাঁ

২১। Online- এ টাকা payment করার পর কি করতে হবে?

উঃ- Online- এ টাকা payment করার পর ওয়েবসাইট এ যেমন বলা আছে সেইভাবে সমস্ত ডকুমেন্টসএর অরিজিনাল স্ক্যান কপি আপলোড করতে হবে।

২২। IMC কোটা কি?

উঃ- Institute Management Committee(IMC) আছে এমন সরকারী আই. টি. আই. তে সমগ্র আসনের ২০% (কুড়ি শতাংশ) আসন IMC মনোনীত প্রার্থীদের মাধ্যমে ভর্তি করা হবে। ইচ্ছুক প্রার্থীরা অনলাইন কাউন্সিলিং এর সময় নির্দিষ্ট ট্রেডে IMC কোটা মনোনয়ন করতে পারবে (মেধা তালিকা প্রকাশের পরে)। প্রত্যেক বছর কত ফিস লাগবে তা পরে ওয়েবসাইট এ জানিয়ে দেওয়া হবে।

- বি: দ্রঃ পিপিপি সরকারি আই. টি. আইগুলিতে ২০% শতাংশ ম্যানেজমেন্ট কোটার আসন এই পদ্ধতিতে পূরণ করা হবেনা।